



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
রায়গঞ্জ, সিরাজগঞ্জ।

www.raigonj.sirajganj.gov.bd

স্মারক নং-৩১.৪৩.৮৮৬১.০০০.০১.০০১.২০-৭৮৮

তারিখঃ ১৮/০৫/২০২১ খ্রিঃ

বিষয়ঃ ইনোভেশন শোকেজিং এর নিমিত্ত গৃহিত ইনোভেশন কার্যক্রমের বিবরণ প্রেরণ।

সূত্রঃ অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) মহোদয়ের জরুরী টেলিফোনিক বার্তা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২১ অর্থবছরে নিম্নস্বাক্ষরকারী কতৃক নিম্নোক্ত ইনোভেশন কার্যক্রম সম্পাদন করা হয়েছে এবং ওয়েবসাইটে ইনোভেশন কার্যক্রমসমূহ আপলোড করা হয়েছে।

ক্রমিক নং	ইনোভেশন কার্যক্রমের বিবরণ	ইনোভেশন কার্যক্রমের উপযোগিতা	মন্তব্য
১	উপজেলা ভূমি অফিস প্রাঙ্গণে মুজিব শতবর্ষ উপলক্ষে মহান মুক্তিযুদ্ধের ঘটনাপুঞ্জী টেরাকোটার মাধ্যমে উপস্থাপন	এই টেরাকোটার মাধ্যমে ১৯৫২ এর ভাষা আন্দোলন, ৬৬ এর ৬ দফা, ৬৯ এর গনঅভ্যুত্থান, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ, মহান মুক্তিযুদ্ধ এবং বিজয়ের ক্ষণ ফুটিয়ে তোলা হয়েছে। অফিসে আগত সেবাপ্রার্থীরা মুক্তিযুদ্ধের চেতনা ও ইতিহাস সহজে আয়ত্তে আনতে পারবেন।	
২	উপজেলা ভূমি অফিসের প্রকাশ্য স্থানে সিটিজেন চার্টার স্থাপন	সিটিজেন চার্টার স্থাপনের ফলে অফিসে আগত সেবাপ্রার্থীরা কোন কোন সেবা কিভাবে নিতে হবে সে সম্পর্কে সঠিক ধারণা পাবেন।	
৩	সকল সরকারি জলমহালে তফশীল উল্লেখপূর্বক সাইনবোর্ড স্থাপন ও পিকটোরিয়াল এ্যালবাম উপজেলা ভূমি অফিসে সংরক্ষণ	সরকারি জলমহালে তফশীল উল্লেখপূর্বক সাইনবোর্ড স্থাপন এর ফলে সরকারি খাস পুকুর সমূহ সরকারি দখলে থাকবে এবং বেদখল এর হাতে থেকে রক্ষা পাবে। এছাড়া সকল সরকারি জলমহালের ডাটা সংরক্ষণের জন্য তফশীলসহ ১১০ টি জলমহালের পিকটোরিয়াল এ্যালবাম করা হয়েছে। এর ফলে জলমহালের তথ্যসমূহ সঠিক ভাবে অফিসে সন্নিবেশিত থাকবে।	

০২। ইহা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)
সিরাজগঞ্জ


(সুবীর কুমার দাশ)
সহকারী কমিশনার(ভূমি)
রায়গঞ্জ, সিরাজগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
- ৩। অফিস কপি।